গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
বাজেট অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ/ ২৭ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

নং ৪৮.০০.০০০০.০০৬.০২০.৩৪.০০৩.২০২০.১৮। Rules of Business, 1996 এর Schedule 1 (Allocation of Business among the Different Ministries and Divisions) এর Serial No 41 এর এন্ট্রি নং 6 এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮ (২০১৮ সনের ৫১ নং আইন) এর ধারা ৩ এর উপধারা (১) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, মহান মুক্তিযুদ্ধে অসীম সাহসিকতা ও বীরত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা এবং শহিদ বীর মুক্তিযোদ্ধাকে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৬ কার্তিক ১৪২৩/ ৩১ অক্টোবর ২০১৬ এর প্রজ্ঞাপন নং ৪৮.০০.০০০০.০০২.০৩৪.০০২.১২.৮৫০ এবং ৩০ চৈত্র ১৪২৭/ ১৩ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ এর প্রজ্ঞাপন নং ৪৮.০০.০০০০.০০৬.০৩৪.০০১.১৯ (অংশ).৯৭ রহিতকরত:, নিম্নোক্ত ছকে উল্লিখিত হারে ও শর্তে সম্মানি ভাতা ও অন্যান্য উৎসব ভাতাদি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিল:

**ক। খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধার সম্মানি ভাতা ও অন্যান্য (টাকায়):**

| ক্রমিক | শ্রেণি | মাসিক মূল ভাতা | উৎসব ভাতা (২টি) | মহান বিজয় দিবস ভাতা (শুধু জীবিত মুক্তিযোদ্ধার জন্য) | বাংলা নববর্ষ ভাতা |
|---|---|---|---|---|---|
| ১ | **বীর শ্রেষ্ঠ** | ৩০,০০০/- | -- | -- | ২,০০০/- |
| ২ | **বীর উত্তম** | ২৫,০০০/- | ১০,০০০/- | ৫,০০০/- | ২,০০০/- |
| ৩ | **বীর বিক্রম** | ২০,০০০/- | ১০,০০০/- | ৫,০০০/- | ২,০০০/- |
| ৪ | **বীর প্রতীক** | ২০,০০০/- | ১০,০০০/- | ৫,০০০/- | ২,০০০/- |

**খ। যুদ্ধাহত ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সম্মানি ভাতা ও অন্যান্য (টাকায়):**

| ক্রমিক | মুক্তিযোদ্ধার বিবরণ | পঙ্গুত্বের ধরণ ও হার | মাসিক ভাতা ও অন্যান্য | | | উৎসব ভাতা (২টি) | মহান বিজয় দিবস ভাতা (শুধু জীবিত মুক্তিযোদ্ধার জন্য) | বাংলা নববর্ষ ভাতা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মূল ভাতা | চিকিৎসা ভাতা | খাদ্য ভাতা | | | |
| ১ | যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা | 'এ' শ্রেণি (৯৬-১০০%) | ৩০,০০০/- | ২,০০০/- | ৫,০০০/- | ৩০,০০০/- | ৫,০০০/- | ২,০০০/- |
| | | 'বি' শ্রেণি (৬১-৯৫%) | ২৮,০০০/- | ২,০০০/- | ৫,০০০/- | ২৮,০০০/- | ৫,০০০/- | ২,০০০/- |
| | | 'সি' শ্রেণি (২০-৬০%) | ২৩,০০০/- | ২,০০০/- | ৫,০০০/- | ২৩,০০০/- | ৫,০০০/- | ২,০০০/- |
| | | 'ডি' শ্রেণি (১-১৯%) | ২০,০০০/- | ২,০০০/- | ৫,০০০/- | ২০,০০০/- | ৫,০০০/- | ২,০০০/- |
| ২ | শহিদ মুক্তিযোদ্ধা পরিবার | -- | ২৩,০০০/- | ২,০০০/- | ৫,০০০/- | ২৩,০০০/- | ০ | ২,০০০/- |
| ৩ | বীর শ্রেষ্ঠ মুক্তিযোদ্ধা শহিদ পরিবার | ---দ | ২৮,০০০/- | ২,০০০/- | ৫,০০০/- | ২৮,০০০/- | ০ | ০ |

০২। উপরোক্ত 'এ' শ্রেণির যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা যতদিন জীবিত থাকবেন ততদিন উপরোক্ত আর্থিক সুবিধাদির অতিরিক্ত হিসেবে সাহায্যকারী ভাতা হিসেবে মাসিক ৮,০০০/- টাকা প্রাপ্য হইবেন। উক্ত 'এ' শ্রেণির যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধার মৃত্যুর পর তাঁর পরবর্তী সুবিধাভোগী এই আর্থিক সুবিধা প্রাপ্য হইবেন না।

০৩। ইহা ১ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ থেকে কার্যকর হইয়াছে মর্মে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

27/1/22

মো: মতিয়ার রহমান
উপসচিব

নং ৪৮.০০.০০০.০০৬.০২০.৩৪.০০৩.২০২০.১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

১। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বর্ণিত প্রজ্ঞাপনটি গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশকরত: ২০০ কপি গেজেট অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইল)।

২। সিস্টেম এনালিস্ট, আইটি সেল শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)